

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গনতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নংঃ ৪৬.০০.০০০০.০৬৩.১৯.০০১.১৫- ১৫৫৫

তারিখঃ ১৫/১১/২০১৭ইং।

বিষয় : চট্টগ্রাম জেলার পটিয়া পৌরসভায় বদলির আদেশাধীন নির্বাহী প্রকৌশলী জনাব আলী আযম কর্তৃক মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ১৩৩৯০/২০১৭ নং রীট মামলার আদেশ প্রতিপালন প্রসঙ্গে।


সূত্র : স্থানীয় সরকার বিভাগের আইন-১ অধিশাখার স্মারক নংঃ ২২৮১, তারিখঃ ০৭/১১/২০১৭ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পটিয়া পৌরসভায় নির্বাহী প্রকৌশলীর শূন্য পদে জনাব আলী আযম এর যোগদান পত্র গৃহীত না হওয়ায় তিনি মাননীয় হাইকোর্ট বিভাগে ১৩৩৯০/২০১৭ নং রীট মামলা দায়ের করেন। উক্ত মামলায় বিজ্ঞ আদালত কর্তৃক নিম্নরূপ আদেশ প্রদান করা হয়েছেঃ

“.....do issue a Rule Nisi calling upon you the aforesaid respondents to show cause on or before the 24th day of October 2017, as to why the respondents should not be directed to permit the petitioner to join in his respect post as an Executive Engineer of Patiya Pourashava, Chittagong as per Office Order Vide Memo.No. 46.00.0000.063.19.001.15-575 dated 09/05/2017 issued by the respondent No. 2 The Deputy Secretary, Ministry of Local Government, Rural Development and Co-operative and/or pass such order or further order or orders as to this Court may seem fit and proper.”

এমতাবস্থায়, মাননীয় হাইকোর্ট বিভাগের আদেশ (কপি সংযুক্ত) প্রতিপালন করে গৃহীত ব্যবস্থা সম্পর্কে জরুরী ভিত্তিতে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একইসাথে মাননীয় আদালতের আদেশের প্রেক্ষিতে নির্বাহী প্রকৌশলী জনাব আলী আযম এর যোগদান পত্র কেন গ্রহণ করা হয়নি এ বিষয়ে জবাব প্রদানের জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে - ০১(এক) পাতা।


১৫/১১/১৭
(মোঃ আবদুর রুফ মিয়া)
উপ-সচিব
ফোন নং-৯৫১৪১৪২

মেয়র
পটিয়া পৌরসভা
চট্টগ্রাম।

অনুলিপিঃ

- ১। সিনিয়র সহকারী সচিব, আইন-১ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
- ২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। জনাব আলী আযম, নির্বাহী প্রকৌশলী, পটিয়া পৌরসভা, চট্টগ্রাম।